## লাইফলাইন পলিসির বিশেষ বৈশিষ্ট্যসমূহ

- আপনার পলিসিতে মূল অভিহিত মূল্যের সাথে বোনাস থাকতে পারে (যদি কোম্পানী ঘোষণা করে)।
- প্রিমিয়াম প্রদানের সময়কালে প্রয়োজনে আপনি পলিসি লোনের সুবিধা নিতে পারেন। অ্যাকসিডেন্ট কাভারেজের মাধ্যমে দুর্ঘটনাজনিত অতিরিক্ত সুবিধাবলী নিতে পারেন। বীমা সুবিধাসহ অন্যান্য মূল্যবান বীমা সুবিধা যোগ করতে পারেন ।
- বাংলাদেশ সরকারের আইন/নিয়ম অনুসারে প্রদেয় প্রিমিয়ামের উপর ইনকাম ট্যাক্স সুবিধা পেতে পারেন। এ বিষয়ে নিশ্চিত হতে এবং পরামর্শের জন্য অনুগ্রহ করে আপনার কর উপদেষ্টার সাথে আলোচনা করুন।

## লাইফলাইন পলিসি নেওয়ার যোগ্যতা ও সীমাবদ্ধতা

- পলিসি নেওয়ার বয়স: ১৮–৫৫ বছর
- মেয়াদ পূর্তির বয়স: ১০০ বছর
- প্রিমিয়াম প্রদানের সময়কাল: ১০–২০ বছর
- মূল অভিহিত মূল্য:
  সর্বনিম্ন অভিহিত মূল্য: ১৫০,০০০ টাকা
  সর্বোচ্চ অভিহিত মূল্য: কোম্পানির আন্ডাররাইটিং নীতিমালা অনুযায়ী অভিহিত মূল্য নির্ধারিত হবে
- প্রিমিয়াম প্রদানের ধরন: মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক বা বার্ষিক
- পারসোনাল অ্যাকসিডেন্ট কাভারেজ অবসানের বয়স: ৬৫ বছর বয়স বা প্রিমিয়াম প্রদানকালের সমাপ্তি, এই দুটোর মধ্যে যেটি আগে ঘটবে
- ব্যতিক্রম: প্রযোজ্য ব্যতিক্রমসমূহ জানতে দয়া করে বীমা চুক্তিপত্রটি পড়ুন
- অবলিখন বিধিমালা: যে সময়ে পলিসি নেয়া হবে সে সময়ে কোম্পানীর বিদ্যমান বিধিমালা কার্যকর হবে।

## অন্যান্য শর্তাবলী

**১। প্রিন্সিপাল অঙ্ক:**

এটি মূল অভিহিত মূল্য ও পলিসি বোনাসের (যদি ঘোষণা করা হয়) যোগফল । এই যোগফল থেকে পলিসিতে যদি কোন দায় থাকে তা বাদ দেয়া হয়।

**২। পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) প্রদান পদ্ধতি:**

বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালের শুরুতে আপনি নিম্নলিখিত পদ্ধতিসমূহের যে কোন একটি বেছে নিতে পারেন –

* বার্ষিক পেনশন
* মাসিক পেনশন
* মেটলাইফ–এ আপনার পেনশন সুদসহ বৃদ্ধির জন্য জমা রাখা

**৩। পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) হিসাবের পদ্ধতিঃ**

পেনশনের পরিমাণ প্রিন্সিপাল অঙ্কের শতকরা হারে নির্ধারিত হয়। উল্লিখিত শতকরা হারকে "কুপনের হার" বলা হয়। বছরে এই কুপনের পরিমাণ প্রিন্সিপাল অঙ্কের ২% এর কম হবে না তা নিশ্চিত। চলতি কুপনের হার জানার জন্য আপনার মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট এর সাথে কথা বলুন।

**৪। পলিসির বোনাস:**

প্রিমিয়াম প্রদানের সময়কালে দুই (২) ধরনের বোনাস ঘোষণা করা হতে পারে; রিভার্সনারি বোনাস ও টার্মিনাল বোনাস। রিভার্সনারি বোনাস সকল মেয়াদের জন্য প্রযোজ্য । টার্মিনাল বোনাস শুধুমাত্র ১৬ থেকে ২০ বছর মেয়াদী পলিসির জন্য প্রযোজ্য। দয়া করে লক্ষ্য করুন যে, এই পলিসিতে উল্লিখিত বোনাসসমূহ নিশ্চিত নয়।



**৫। মেয়াদ-পূর্তি সুবিধাঃ**

মেয়াদ-পূর্তি সুবিধার পরিমাণ প্রিন্সিপাল অঙ্কের সমান। যদি কেউ পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) না নিয়ে মেটলাইফ-এ জমা রেখে দেন, তবে মেয়াদ-পূর্তি সুবিধার পরিমাণ হবে প্রিন্সিপাল অঙ্ক এবং সুদসহ সকল পেনশনের যোগফল।

**৬। মৃত্যু দাবী সুবিধাঃ**

- *প্রিমিয়াম প্রদানের সময়কালে:* বীমাকৃত ব্যক্তির মৃত্যুহলে তার মনোনীত সুবিধাভোগী মূল অভিহিত মূল্য এবং রিভার্সনারি ও টার্মিনাল বোনাসের (যদি প্রযোজ্য হয়) যোগফলের সমান টাকা পাবেন। যদি কোম্পানীর কাছে দায় থাকে তবে এই যোগফল থেকে তা বাদ দেয়া হবে।

- *বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালে:* বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে তার মনোনীত সুবিধাভোগী প্রিন্সিপাল অঙ্কের সমান টাকা পাবেন। যদি বীমাকৃত ব্যক্তি পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) না নিয়ে মেটলাইফ-এ জমা রেখে দেন, তবে মনোনীত সুবিধাভোগী প্রিন্সিপাল অঙ্ক এবং সুদসহ সকল পেনশনের যোগফলের সমান টাকা পাবেন।

**৭। পারসোনাল অ্যাকসিডেন্ট কাভারেজের মাধ্যমে দুর্ঘটনাজনিত অতিরিক্ত সুবিধাবলী (যদি নেয়া হয়):**

- দুর্ঘটনাজনিত মৃত্যু এবং দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী সম্পূর্ণ অক্ষমতার ক্ষেত্রে অতিরিক্ত সুবিধার পরিমাণ হবে মূল অভিহিত মূল্যের সমান কিন্তু তা ৫০,০০,০০০ টাকার বেশি হবে না।

- দুর্ঘটনায় অঙ্গহানির ক্ষেত্রে অতিরিক্ত সুবিধার পরিমাণ সর্বোচ্চ মূল অভিহিত মূল্য পর্যন্ত হতে পারে কিন্তু তা ৫০,০০,০০০ টাকার বেশি হবে না।

- দুর্ঘটনাজনিত চিকিৎসা ব্যয় প্রতিপূরণে বীমাকারী প্রতিবার দুর্ঘটনার ক্ষেত্রে মূল অভিহিত মূল্যের ১৫% পর্যন্ত মেটলাইফ থেকে পেতে পারেন কিন্তু তা ৭,৫০,০০০ টাকার বেশি হবেনা।

**৮। প্রত্যর্পণঃ**

- *প্রিমিয়াম প্রদানের সময়কালে নগদ প্রত্যর্পণঃ* প্রথম দুই (২) বছর প্রিমিয়াম প্রদান করা হলে পলিসিটি ক্যাশ ভ্যালু অর্জন করবে। উক্ত সময়ের পরে বীমা মালিক পলিসিটি প্রত্যর্পণ (সারেন্ডার) করতে পারবেন এবং দায় বাদে (যদি থাকে) মোট ক্যাশ ভ্যালু গ্রহণ করতে পারবেন। মোট ক্যাশ ভ্যালু হচ্ছে মূল ক্যাশ ভ্যালু ও রিভার্সনারি বোনাসের ক্যাশ ভ্যালুর যোগফলের সমান।

- *বিনিয়োগ পুঞ্জিভূত হওয়ার সময়কালে প্রত্যর্পণ সুবিধা (প্রসেসিং ফি প্রদান সাপেক্ষে, যদি থাকে):* বীমা মালিক প্রিন্সিপাল অঙ্কের সমান টাকা পাবেন। যদি বীমা মালিক পেনশন (অর্থাৎ ইনকাম কুপন) না নিয়ে মেটলাইফ-এ জমা রেখে দেন, তবে প্রিন্সিপাল অঙ্ক এবং সুদসহ সকল পেনশনের যোগফলের সমান টাকা পাবেন।

**৯। প্রিমিয়াম প্রদানের সময়কালে পুনর্বহালঃ**

যদি বীমাটি নগদ প্রত্যর্পণ করা না হয়ে থাকে তবে বন্ধ হয়ে যাওয়া পলিসিটি প্রিমিয়াম দেয়া বন্ধ হওয়ার তারিখ থেকে পাঁচ (৫) বছরের মধ্যে সুদসহ সমস্ত বকেয়া প্রিমিয়াম ও কোন পলিসি লোন থাকলে সুদসহ তা পরিশোধ করে এবং কোম্পানীর সন্তুষ্টি অনুযায়ী সু-স্বাস্থ্য ও অন্যান্য বীমা যোগ্যতার প্রমাণ সাপেক্ষে লিখিত আবেদন করে পুনর্বহাল করা যেতে পারে।

**১০।** আত্মহত্যা (পলিসিটি নেওয়ার কিংবা পুনর্বহালের প্রথম দুই বছরের মধ্যে), যুদ্ধ, এইডস, পূর্বে বিদ্যমান অবস্থা বা পলিসিতে উল্লেখিত অন্যান্য ব্যতিক্রম এর কারণে মৃত্যুর ক্ষেত্রে এই পলিসিতে কোন বীমা দাবী প্রদান করা হবেনা।

**১১।** মোট ক্যাশ ভ্যালুর সর্বোচ্চ ৮৫% পর্যন্ত পলিসি লোন নেয়া যেতে পারে (যদি দায় থাকে তা বাদ দিয়ে)।